গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, ঢাকা
(বিচার শাখা)
www.dhaka.gov.bd

# ডিসেম্বর ২০২৪ মাসে অনুষ্ঠিত ঢাকা জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : তানভীর আহমেদ
বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা
সভার তারিখ : ০৮ ডিসেম্বর ২০২৪
সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা
সভার স্থান : বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকার সম্মেলন কক্ষ
সভায় উপস্থিতি : আইন-শৃঙ্খলা কমিটির সদস্যবৃন্দ।

সভাপতি আইন-শৃঙ্খলা কমিটির সভায় উপস্থিত সকল কর্মকর্তা ও অন্যান্য সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট জেলা আইন-শৃঙ্খলা কমিটির নভেম্বর ২০২৪ মাসের সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে যে সকল সিদ্ধান্ত গ্রহণ করা হয়, তা নিম্নে উপস্থাপন করা হলো:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | **গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ**<br>সভায় নভেম্বর ২০২৪ মাসের জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত সদস্যগণ কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | নভেম্বর ২০২৪ মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | |
| ০২. | **মোবাইল কোর্ট পর্যালোচনা**<br>ঢাকা জেলায় (মেট্রোপলিটন এলাকাসহ) মোবাইল কোর্ট আইন, ২০০৯-এর আওতায় বিভিন্ন আইনে মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উপস্থাপিত হয় যে, নভেম্বর ২০২৪ মাসে ঢাকা জেলায় মোট ২৫২টি মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ১৪৩১টি মামলা দায়ের করা হয়। উক্ত মামলায় ১৪৩১ জনকে বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয় এবং =৭৫,৬০,৬০০/- (পঁচাত্তর লক্ষ ষাট হাজার ছয়শত টাকা) জরিমানা আদায় করা হয়। সভাপতি ঢাকা জেলার উপজেলাসমূহে মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত বিষয় জানতে চাইলে উপজেলা নির্বাহী অফিসারগণ তাদের নিজ নিজ উপজেলার মোবাইল কোর্ট পরিচালনার কার্যক্রম সভায় উপস্থাপন করেন। মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে সভা অবহিত হয় যে, জনগণের সচেতনতা তৈরি করতে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে এবং জনগণের দুর্ভোগ সংশ্লিষ্ট বিষয় যেমন: বাজার মনিটরিং, মাদক সেবন সংক্রান্তে মোবাইল কোর্ট পরিচালনা করার পাশাপাশি মোবাইল কোর্টের প্রমাণ পূরণ করতে হবে মর্মে বিজ্ঞ এক্সকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি বলেন, অবৈধভাবে বালু উত্তোলন, অবৈধ ইটভাটা বন্ধ করতে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। যে সকল জায়গা হতে বালু উত্তোলন করা হয় সেসকল জায়গায় প্রয়োজনে সঠিক প্রক্রিয়ার মাধ্যমে বালুমহাল ঘোষণা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। সভাপতি আরও বলেন, ভূমি অপরাধ ও প্রতিকার আইন, ২০২৩ এর আওতায় মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করতে হবে। | (২.১) মোবাইল কোর্ট আইন, ২০০৯ মোতাবেক প্রয়োগসিদ্ধভাবে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(২.২) জনগণের সচেতনতা বৃদ্ধি এবং জনগণের দুর্ভোগ সংশ্লিষ্ট বিষয় যেমন: বাজার মনিটরিং, মাদক সেবন ইত্যাদি বিষয়ে মোবাইল কোর্ট করতে হবে।<br>(২.৩) মোবাইল কোর্ট এর প্রমাণ অর্জনের পাশাপাশি মোবাইল কোর্ট এর সংখ্যা বৃদ্ধি করতে হবে।<br>(২.৪) অবৈধভাবে বালু উত্তোলন, অবৈধ ইটভাটা বন্ধ করতে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। যে সকল জায়গা হতে বালু উত্তোলন করা হয় সেসকল জায়গায় প্রয়োজনে সঠিক প্রক্রিয়ার মাধ্যমে বালুমহাল ঘোষণা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২.৫)ভূমি অপরাধ ও প্রতিকার আইন, ২০২৩ এর আওতায় মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকা<br>২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা<br>৪। মোবাইল কোর্ট পরিচালনাকারী সকল বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, ঢাকা। |

০৩

**অপরাধ চিত্র পর্যালোচনা**

সভায় বিবেচ্য মাসের অপরাধচিত্র উপস্থাপন করা হয়। অপরাধ চিত্র পর্যালোচনায় দেখা যায় যে,

জেলা পুলিশ, ঢাকা এর নভেম্বর /২৪ মাসের তুলনামূলক অপরাধ বিবরণী

| মাসের নাম | ডাকাতি | দস্যুতা | সিঁধেল চুরি | চুরি | খুন | দাঙ্গা | দাঙ্গাজনিত | অস্ত্র আইন | গবাদি পশু | তার চুরি | গাড়ী চুরি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| নভেম্বর/২০২৪ | ১ | ৭ | ২ | ১০ | ০৯ | ০ | ৩ | ০ | ০ | ০ | ৫ |
| অক্টোবর/২০২৪ | ৫ | ৯ | ৬ | ১০ | ১২ | ০ | ৪ | ১ | ১ | ১ | ১ |
| হ্রাস/ বৃদ্ধি | হ্রাস | হ্রাস | হ্রাস | স্থিতি | হ্রাস | স্থিতি | হ্রাস | হ্রাস | হ্রাস | হ্রাস | বৃদ্ধি |

| অপহরণ | চোরাচালান | মাদক | ধর্ষণ | নারী নির্যাতন | পুলিশ আক্রান্ত | দ্রুত বিচার আইন | অন্যান্য | মোট নিষ্পত্তিকৃত মামলা | মোট রুজুকৃত মামলা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ০ | ৭৮ | ১৫ | ১৭ | ১ | ২ | ১২৬ | ২২৯ | ২৭৭ |
| ৩ | ০ | ৫২ | ১৩ | ১২ | ০ | ০ | ১৫৬ | ১২৯ | ২৮৩ |
| হ্রাস | স্থিতি | বৃদ্ধি | বৃদ্ধি | বৃদ্ধি | বৃদ্ধি | বৃদ্ধি | হ্রাস | বৃদ্ধি | হ্রাস |

জেলা পুলিশের আওতায় নভেম্বর/২৪ মাসে ২৭৭টি মামলা রুজু করা হয়। প্রাপ্ত তথ্য মোতাবেক গাড়ী চুরি, মাদক, ধর্ষণ, নারী নির্যাতন, পুলিশ আক্রান্ত, দ্রুত বিচার আইনে মামলা, মোট নিষ্পত্তিকৃত মামলা বৃদ্ধি পেয়েছে। ডাকাতি, দস্যুতা, সিঁধেল চুরি, খুন, দাঙ্গাজনিত, অস্ত্র আইন, গবাদি পশু চুরি, তার চুরি, অপহরণ, অন্যান্য এবং মোট রুজুকৃত মামলা হ্রাস পেয়েছে। এছাড়া অন্যান্য মামলার সংখ্যায় স্থিতি রয়েছে। অপরাধ চিত্র পর্যালোচনায় দেখা যায় যে, অধিকাংশ মামলা মাদকদ্রব্য ও অন্যান্য আইনে দায়ের করা হয়েছে। সভায় অপরাধ দমনে মোটিভেশনাল কার্যক্রম গ্রহণ করার পাশাপাশি সকল অপরাধের রেকর্ড কার্যক্রম নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।

(৩.১) জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের নিবিড় তদারকি অব্যাহত রাখতে হবে।

(৩.২) যে সকল অপরাধের পরিসংখ্যান বৃদ্ধি পেয়েছে সে সকল মামলা দ্রুত তদন্ত সম্পন্নপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৩.৩) অপরাধ দমনে মোটিভেশনাল কার্যক্রম গ্রহণ করার পাশাপাশি সকল অপরাধের রেকর্ড কার্যক্রম নিশ্চিত করতে হবে।

১। পুলিশ সুপার, ঢাকা
২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা
৪। প্রতিনিধি, বিজিবি, ঢাকা
৫। প্রতিনিধি, র‍্যাব, ঢাকা



CamScanner
CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৪. | **ডেঙ্গু প্রতিরোধকল্পে গৃহীত কার্যক্রম ও পর্যালোচনা** | | |
| | সিভিল সার্জনের প্রতিনিধি বলেন, সম্প্রতি ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পেয়েছে। ডেঙ্গু বিস্তার রোধে গণসচেতনতা কার্যক্রম বৃদ্ধি করা হয়েছে। স্বল্পমূল্যে ডেঙ্গু টেস্ট করা হচ্ছে। ডেঙ্গু প্রতিরোধে বাড়ি-ঘর, অফিস-আদালত, স্কুল-কলেজ ও আশেপাশের জায়গা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার পাশাপাশি সকলকে সতর্ক থাকতে হবে এবং প্রচার-প্রচারণা অভিযান অব্যাহত রাখতে হবে মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন। | (৪.১)ডেঙ্গু প্রতিরোধে বাড়ি-ঘর, অফিস-আদালত, স্কুল-কলেজ ও আশেপাশের জায়গা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার পাশাপাশি সকলকে সতর্ক থাকতে হবে এবং প্রচার-প্রচারণা অভিযান অব্যাহত রাখতে হবে। | ১। সিভিল সার্জন, ঢাকা<br>২। প্রশাসক (সকল), পৌরসভা, ঢাকা<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা<br>৪। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, ঢাকা<br>৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা<br>৬। উপজেলা স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা অফিসার, ঢাকা |
| | জেলা শিক্ষা অফিসার, ঢাকা জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান সমূহকে ডেঙ্গু বিস্তার রোধে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | (৪.২) ঢাকা জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান সমূহকে ডেঙ্গু বিস্তার রোধে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ০৫ | **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ সংক্রান্ত পর্যালোচনা**<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ঢাকা জেলায় গত মাসে ৮৭৬টি অভিযান পরিচালনার মাধ্যমে ১৪৩টি মামলা দায়ের করে ২,৩৪,১৬,৫২০/- টাকা মূল্যের মালামাল উদ্ধার করা হয় এবং টাস্কফোর্সের ১৭৬টি অভিযান পরিচালনার মাধ্যমে ৪৭টি মামলা দায়ের করে ৪৩,২৫০/-টাকা মূল্যের মালামাল উদ্ধার করা হয়। জেলা প্রশাসন, ঢাকা এবং এর আওতাধীন বিভিন্ন সংস্থা কর্তৃক গত মাসে মাদকের বিরুদ্ধে ০৪টি মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ৫১টি মামলা দায়ের করে ৫১ জনকে অর্থদন্ড/কারাদন্ড প্রদান করা হয় এবং ৮,৩০০/- জরিমানা আদায় করা হয়। সভায় মাদকবিরোধী অভিযান পরিচালনার সময় আসামী আটক নিশ্চিত করতে হবে এবং ঘটনাস্থলে জব্দকৃত মালামালের যথাযথ সিজার লিস্ট প্রস্তুত করতে হবে মর্মে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়। | (৫.১) সকল উপজেলায় মাদকবিরোধী অভিযান নিয়মিত পরিচালনা করতে হবে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান বৃদ্ধি করার পাশাপাশি মাদকবিরোধী অভিযানে মোবাইল কোর্টের সংখ্যা বৃদ্ধি করতে হবে।<br><br>(৫.২) মাদকবিরোধী অভিযান পরিচালনার সময় আসামী আটক নিশ্চিত করতে হবে এবং ঘটনাস্থলে জব্দকৃত মালামালের যথাযথ জব্দ তালিকা প্রস্তুত করতে হবে ও উপস্থিত স্বাক্ষীদের স্বাক্ষর গ্রহণ করতে হবে। | ১। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা<br>২। পুলিশ সুপার, ঢাকা।<br>৩। অধিনায়ক, ২৬ বিজিবি, ঢাকা।<br>৪। অধিনায়ক, র‌্যাব, ঢাকা।<br>৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা।<br>৬। সংশ্লিষ্ট সংস্থার অভিযান/মোবাইল কোর্ট পরিচালনাকারী বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), ঢাকা<br>৭। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা। |
| | মিরপুর-২ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পিছনে মাদক সেবন করতে দেখা যায় এবং নবাবগঞ্জ উপজেলার শোল্লারচর ইউনিয়নের রুপারচর এলাকা দুর্গম এলাকা হওয়ায় মাদক ক্রয়-বিক্রয় বেশি পরিলক্ষিত হয়। এসকল এলাকায় নিয়মিত অভিযান পরিচালনা করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা করা হয়। | (৫.৩)মিরপুর-২ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পিছনে মাদক সেবন করতে দেখা যায় এবং নবাবগঞ্জ উপজেলার শোল্লারচর ইউনিয়নের রুপারচর এলাকা দুর্গম এলাকা হওয়ায় মাদক ক্রয়-বিক্রয় বেশি পরিলক্ষিত হয়। এসকল এলাকায় নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। | |
| | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের উপপরিচালক, শীতকালে ফেন্সিডিলের সরবরাহ ও ব্যবহার থাকায় বেশি বেশি মাদকের বিরুদ্ধে অভিযান পরিচালনা করতে হবে মর্মে সভাকে অবহিত করেন। | (৫.৪) শীতকালে ফেন্সিডিলের সরবরাহ ও ব্যবহার থাকায় বেশি বেশি মাদকের বিরুদ্ধে অভিযান পরিচালনা করতে হবে। | |
| | সভায় ঢাকা মহানগরীর সদরঘাট এলাকায়, ভিক্টোরিয়া পার্কে, ওসমানী উদ্যানে অবাধ মাদক ব্যবসা ও সেবন করতে দেখা যায় বিধায় অভিযান পরিচালনা করা প্রয়োজন মর্মে আলোচনা করা হয়। | (৫.৫) ঢাকা মহানগরীর সদরঘাট এলাকায়, ভিক্টোরিয়া পার্কে, ওসমানী উদ্যানে অবাধ মাদক ব্যবসা ও সেবন করতে দেখা যায় বিধায় মাদকের বিরুদ্ধে অভিযান পরিচালনা করতে হবে। | |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সভাপতি বলেন, পত্রিকাতে ও বিভিন্ন সংবাদ মাধ্যম হতে মাদকের নতুন স্পট সম্পর্কে জানা যায়। ঐসকল এলাকায় দ্রুততম সময়ে অভিযান পরিচালনা করতে হবে। | (৫.৬) পত্রিকাতে ও বিভিন্ন সংবাদ মাধ্যম হতে মাদকের নতুন স্পট সম্পর্কে জানা যায়। ঐসকল এলাকায় দ্রুততম সময়ে অভিযান পরিচালনা করতে হবে। | |
| | ইসলামিক ফাউন্ডেশনের আওতায় নয় এমন মসজিদগুলোতে জুম্মার দিনে খুৎবার পূর্বে ইমামগণের বয়ানে মাদক, বাল্যবিবাহ এবং জঙ্গিবাদ এর বিরুদ্ধে সচেতনতামূলক বক্তব্য নিশ্চিত করার জন্য ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক মসজিদগুলোর তালিকা করে প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণ করার পাশাপাশি জনপ্রতিনিধি এবং মসজিদ কমিটিকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | (৫.৭) ইসলামিক ফাউন্ডেশনের আওতায় নয় এমন মসজিদগুলোতে জুম্মার দিনে খুৎবার পূর্বে ইমামগণের বয়ানে মাদক, বাল্যবিবাহ এবং জঙ্গিবাদ এর বিরুদ্ধে সচেতনতামূলক বক্তব্য নিশ্চিত করার জন্য ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক মসজিদগুলোর তালিকা করে প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণ করার পাশাপাশি জনপ্রতিনিধি এবং মসজিদ কমিটিকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। | ১। পুলিশ সুপার, ঢাকা<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা<br>৩। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা<br>৪। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা |
| | সভায় ব্যরিস্টার ইরফান ইবনে আমান অমি, কেরাণীগঞ্জ উপজেলায় মাদকের বিস্তার রোধকল্পে যথাযথ পদক্ষেপ গ্রহণের বিষয় সভাকে অবহিত করেন।<br>সভাপতি, উপজেলা ভিত্তিক মাদক বিরোধী অভিযানে জেলা পুলিশসহ সংশ্লিষ্ট সকলকে সম্পৃক্ত করে যৌথ অভিযান পরিচালনা করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (৫.৮) উপজেলা ভিত্তিক মাদক বিরোধী অভিযানে জেলা পুলিশসহ সংশ্লিষ্ট সকলকে সম্পৃক্ত করে যৌথ অভিযান পরিচালনা করতে হবে। | ১। পুলিশ সুপার, ঢাকা<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা<br>৩। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা |
| | নিয়মিত মাদক নিরাময় কেন্দ্র পরিদর্শন করে এর প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে অবহিত করা হয় এবং লাইসেন্সবিহীন বেসরকারি মাদক নিরাময় কেন্দ্রের বিষয় প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়। | (৫.৯) নিয়মিত মাদক নিরাময় কেন্দ্র পরিদর্শন করে এর প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(৫.১০) লাইসেন্সবিহীন বেসরকারি মাদক নিরাময় কেন্দ্রের বিষয় প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পুলিশ সুপার, ঢাকা<br>২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা<br>৪। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), ঢাকা<br>৫। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা |
| | সভায় অতিরিক্ত পুলিশ সুপার, সাভার উপজেলায় বেদে সম্প্রদায়ের লোকজন মাদক সেবন করে থাকে বিধায় তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে প্রয়োজনে বেদে পল্লীতে মাদকবিরোধী সচেতনতা সভা আয়োজন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা করেন। | (৫.১১)সাভার উপজেলায় বেদে সম্প্রদায়ের লোকজন মাদক সেবন করে থাকে বিধায় তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রয়োজনে বেদে পল্লীতে মাদকবিরোধী সচেতনতা সভা আয়োজন করতে হবে। | |
| | সভাপতি, উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা সভায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একজন প্রতিনিধি প্রেরণ নিশ্চিত করার বিষয় সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। | (৫.১২) উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা সভায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একজন প্রতিনিধি প্রেরণ নিশ্চিত করতে হবে। | |
| ০৬. | **কারাগার পরিদর্শন, ব্যবস্থাপনা এবং মানোন্নয়ন**<br>সভায় সিনিয়র জেল সুপার, কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ, ঢাকার প্রতিনিধি, ঢাকা কেন্দ্রীয় কারাগারের বর্জ্য অপসারণের জন্য ডাম্পিং স্টেশন নির্মাণ প্রয়োজন মর্মে সভায় আলোচনা করেন। | (৬.১) ঢাকা কেন্দ্রীয় কারাগারের বর্জ্য অপসারণের জন্য ডাম্পিং স্টেশন নির্মাণ করতে হবে। | ১। পুলিশ সুপার, ঢাকা<br>২। সিভিল সার্জন, ঢাকা<br>৩। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা |

| | | | |
|---|---|---|---|
| | সভায় বন্দিদের কেউ যেন মোবাইল ফোন ব্যবহার এবং মাদক সেবন/গ্রহণ করতে না পারে এ বিষয়ে বিশেষভাবে খেয়াল রাখার পাশাপাশি নিয়মিত তল্লাশী অভিযান পরিচালনা করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | (৬.২) বন্দিদের কেউ যেন মোবাইল ফোন ব্যবহার এবং মাদক সেবন/গ্রহণ করতে না পারে এজন্য কারাবন্দিদের নিয়মিত তল্লাশী করতে হবে এবং গোয়েন্দা সংস্থাসমূহ এ বিষয়ে নজরদারি করবেন। | ৪। সিনিয়র জেল সুপার, ঢাকা |
| | সভাপতি বলেন, কারাবন্দীদের স্বাভাবিক জীবন-যাপনে ফিরিয়ে আনার লক্ষে বন্দীদের মোটিভেশন দেয়ার নিমিত্ত কারাভ্যন্তরে সভা/সেমিনারের আয়োজন করতে হবে। | (৬.৩) কারাবন্দীদের স্বাভাবিক জীবন-যাপনে ফিরিয়ে আনার লক্ষে বন্দীদের মোটিভেশন দেয়ার নিমিত্ত কারাভ্যন্তরে সভা/সেমিনারের আয়োজন করতে হবে। | ১। সিভিল সার্জন, ঢাকা<br>২। সিনিয়র জেল সুপার, ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ, ঢাকা |
| | সভাপতি বলেন, কারাগার থেকে আসামী বের করার পূর্বে অবশ্যই হ্যান্ডকাপ পরিহিত অবস্থায় সতর্কভাবে বের করতে হবে মর্মে সভায় গুরুত্বারোপ করেন। | (৬.৪) কারাগার থেকে আসামী বের করার পূর্বে অবশ্যই হ্যান্ডকাপ পরিহিত অবস্থায় সতর্কভাবে বের করতে হবে। | |
| ০৭. | <u>পরিবেশ রক্ষা, মা ইলিশ সংরক্ষণ ও জাটকা নিধন বন্ধকরণ সংক্রান্ত কার্যক্রম</u><br>ঢাকার নদীসমূহের পানি দূষণ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি এবং প্রয়োজনে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করতে হবে। নৌ-পুলিশ, কোস্ট গার্ড এবং পরিবেশ অধিদপ্তরকে নদী দূষণ প্রতিরোধ এবং পরিবেশ সুরক্ষা কার্যক্রম বৃদ্ধি করাসহ নদীর দুপাশের অবৈধ দখলদারদের উচ্চ আদালতের নির্দেশনার আলোকে উচ্ছেদ করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। মৎস্য সুরক্ষায় চায়না-দুয়ারী জাল/কারেন্ট জাল উৎপাদন ও বাজারজাতকরণ বন্ধ করার নিমিত্ত কারখানাগুলোর তালিকা করে নিয়মিত অভিযান পরিচালনা করার জন্য সভায় আলোচনা করা হয়। জেলা মৎস্য কর্মকর্তার বলেন, নভেম্বর থেকে জুন মাস পর্যন্ত জাটকা নিধন অভিযান কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন।<br>নভেম্বর/২০২৪ মাসে ১ নভেম্বর ২০২৪ থেকে ৩০ জুন ২০২৪ পর্যন্ত ৮ মাস ব্যাপী জাটকা (২৫ সে.মি. পর্যন্ত সাইজের ইলিশ) আহরন, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ করা হয়েছে। জাটকা সংরক্ষণ কার্যক্রম ২০২৪-২৫ এর আওতায় ১টি মোবাইল কোর্ট ও ১১১টি অভিযান পরিচালনা করে ১.৭৬৮ মে.টন জাটকা ও ০.০৯৫ মে. পিরানহা জব্দ করে এতিমখানায় বিতরণ করা হয়।<br>এসময় ১৩৫.২০ লক্ষ মিটার কারেন্ট জাল জব্দ করা হয় যার আনুমানিক মূল্য ২৭ কোটি ৪০ লক্ষ টাকা। এছাড়া ৬৭০ টি চায়না দুয়ারী জাল জব্দ করে বিনষ্ট করা হয়।<br>মৎস্য পণ্য (পরিদর্শন ও মান নিয়ন্ত্রন) আইন-২০২০ এর আওতায় ৪.৬৫ মে.টন পুশ চিংড়ি জব্দ করে বিনষ্ট করা হয়। | (৭.১) ঢাকার নদীসমূহের পানি দূষণ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি এবং প্রয়োজনে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করতে হবে। নৌ-পুলিশ, কোস্ট গার্ড এবং পরিবেশ অধিদপ্তরকে নদী দূষণ প্রতিরোধ এবং পরিবেশ সুরক্ষা কার্যক্রম বৃদ্ধি করতে হবে।<br>(৭.২) পরিবেশ সুরক্ষায় পরিবেশ অধিদপ্তরের চলমান কার্যক্রম জোরদার করতে হবে এবং কার্যক্রম সভায় পেশ করতে হবে।<br>(৭.৩) নভেম্বর থেকে জুন মাস পর্যন্ত জাটকা নিধন অভিযান কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>(৭.৪) নদীর দুপাশের অবৈধ দখলদারদের উচ্চ আদালতের নির্দেশনার আলোকে উচ্ছেদ করতে হবে।<br>(৭.৫) মৎস্য সুরক্ষায় চায়না-দুয়ারী জাল/কারেন্ট জাল উৎপাদন ও বাজারজাতকরণ বন্ধ করার নিমিত্ত কারখানাগুলোর তালিকা করে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। | ১। পুলিশ সুপার, ঢাকা<br>২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা<br>৩। উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা<br>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা<br>৫। জেলা মৎস্য কর্মকর্তা, ঢাকা<br>৬। মোবাইল কোর্ট পরিচালনাকারী সকল বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট। |
| | জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য আড়তে মাছ পাইকারী বিক্রয়ের ক্ষেত্রে পাকা রশিদ দেয়া হয়না বিধায় মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন। | (৭.৬)মৎস্য আড়তে মাছ পাইকারী বিক্রয়ের ক্ষেত্রে পাকা রশিদ দেয়া হয়না বিধায় মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করতে হবে। | |



CamScanner

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা নির্বাহী অফিসার, দোহার, বর্তমানে ইলেক্ট্রিক শক দিয়ে দোহার উপজেলার বিভিন্ন জলাশয়ে মাছ মারা হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন।<br><br>তৎপ্রেক্ষিতে মৎস্য কর্মকর্তা বলেন, ইলেক্ট্রিক শক দিয়ে/বিস্ফোরক দিয়ে মাছ মারলে জীববৈচিত্র বিনষ্ট হওয়ার সম্ভাবনা রয়েছে। | (৭.৭) ইলেক্ট্রিক শক দিয়ে/বিস্ফোরক দিয়ে মাছ মারা হলে জীববৈচিত্র বিনষ্ট হওয়ার সম্ভাবনা থাকায় বিধি মোতাবেক অভিযান পরিচালনা করতে হবে। | |
| | সভায় অতিরিক্ত পুলিশ সুপার র‌্যাব, পুরান ঢাকায় পলিথিন তৈরির ফ্যাক্টরী রয়েছে। যেহেতু সরকার কর্তৃক পলিথিন ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে সেহেতু পলিথিন ব্যবহার নিষেধাজ্ঞার উপর মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করার জন্য সভায় অবহিত করেন। | (৭.৮) পুরান ঢাকায় পলিথিন তৈরির ফ্যাক্টরী রয়েছে। যেহেতু সরকার কর্তৃক পলিথিন ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে সেহেতু পলিথিন ব্যবহার নিষেধাজ্ঞার উপর মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করতে হবে। | |
| ০৮. | **বাল্য বিবাহ, যৌন হয়রানি এবং সামাজিক অপরাধ প্রতিরোধে কার্যক্রম**<br>বাল্যবিবাহ, যৌন হয়রানি ও নারী নির্যাতন হ্রাসকল্পে সকল উপজেলায় নিয়মিত অভিযান পরিচালনা করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক গত মাসে মাদক/বাল্যবিবাহ/ ইভটিজিং/সন্ত্রাস ও জঙ্গিবাদ/নারী নির্যাতন সংক্রান্ত প্রতিরোধ কার্যক্রমে ৭টি প্রচারণামূলক সভা ও ১৮টি উঠান বৈঠক করা হয়েছে। | (৮.১) বাল্যবিবাহ, যৌন হয়রানি ও নারী নির্যাতন হ্রাসকল্পে সকল উপজেলায় নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। | ১। পুলিশ সুপার, ঢাকা<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা<br>৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা<br>৪। সভাপতি/সেক্রেটারি, নিকাহ রেজিস্ট্রার সমিতি, ঢাকা |
| | সভাপতি বলেন, বাল্যবিবাহ প্রতিরোধে নিকাহ রেজিস্ট্রারগণের মনিটরিং কার্যক্রম বৃদ্ধি করার পাশাপাশি নিকাহ রেজিস্ট্রারগণ-কে নিয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে এবং নিকাহ রেজিস্ট্রারদের ডাটাবেস তৈরি করার নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদান করেন। | (৮.২) বাল্যবিবাহ প্রতিরোধে নিকাহ রেজিস্ট্রারগণের মনিটরিং কার্যক্রম বৃদ্ধি করার পাশাপাশি নিকাহ রেজিস্ট্রারগণ-কে নিয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে এবং নিকাহ রেজিস্ট্রারদের ডাটাবেস তৈরি করতে হবে। | |
| | সভাপতি বলেন, উপজেলা পর্যায়ে প্রায়শই শুক্রবার ও শনিবার বাল্যবিবাহ কার্যক্রম হয়ে থাকে। উক্ত দিনগুলোতে বাল্যবিবাহ প্রতিরোধে অধিকতর তৎপরতার সাথে তথ্য সংগ্রহপূর্বক অভিযান পরিচালনা করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। | (৮.৩) উপজেলা পর্যায়ে প্রায়শই শুক্রবার ও শনিবার বাল্যবিবাহ কার্যক্রম হয়ে থাকে। উক্ত দিনগুলোতে বাল্যবিবাহ প্রতিরোধে অধিকতর তৎপরতার সাথে তথ্য সংগ্রহপূর্বক অভিযান পরিচালনা করতে হবে। | (১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা<br>(২) উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা<br>(৩) উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা |
| | সভায় নারী নির্যাতন বিষয়ে পত্রিকায় কোন সংবাদ প্রকাশিত হলে মহিলা বিষয়ক অধিদপ্তর সে বিষয়ে দ্রুততম সময়ে ব্যবস্থা নিয়ে সভাপতিকে অবহিত করবেন। | (৮.৪) নারী নির্যাতন বিষয়ে পত্রিকায় কোন সংবাদ প্রকাশিত হলে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক ব্যবস্থা নিয়ে সভাপতিকে অবহিত করতে হবে। | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা |
| | সভাপতি মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক উপজেলা পর্যায়ে পরিচালিত বিভিন্ন কার্যক্রম মনিটরিং করার নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদান করেন। | (৮.৫) মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক উপজেলা পর্যায়ে পরিচালিত বিভিন্ন কার্যক্রম মনিটরিং করতে হবে। | (১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা<br>(২) উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা |
| ০৯. | **খাদ্যে রাসায়নিক দ্রব্য, ভেজাল মিশ্রণ নিরোধ এবং বাজার মনিটরিং**<br>নিত্যপ্রয়োজনীয় খাদ্য দ্রব্য যেমন-ভোজ্য তেল, মসলা প্রভৃতি এর অযৌক্তিক মূল্য বৃদ্ধি ও ভেজাল মেশানো রোধে প্রয়োজনীয় ক্ষেত্রে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | (৯.১) নিত্যপ্রয়োজনীয় খাদ্য দ্রব্য যেমন-ভোজ্য তেল, মসলা প্রভৃতি এর অযৌক্তিক মূল্য বৃদ্ধি ও ভেজাল মেশানো রোধে প্রয়োজনীয় | ১। পুলিশ সুপার, ঢাকা<br>২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা<br>৩। উপজেলা নির্বাহী |

| | | | |
|---|---|---|---|
| | | ক্ষেত্রে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | অফিসার (সকল), ঢাকা<br>৪।উপপরিচালক, এনএসআই, ঢাকা<br>৫। উপ পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা<br>৬। মোবাইল কোর্ট পরিচালনাকারী বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), ঢাকা |
| | সভাপতি বলেন, দ্রব্যমূল্যের উর্ধ্বগতি নিয়ন্ত্রণে বাজার মনিটরিং টিম বৃদ্ধি করতে হবে। বাজার মনিটরিং টিম সংশ্লিষ্ট দপ্তরসমূহকে সমন্বয় করে বেশি বেশি অভিযান অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (৯.২) দ্রব্যমূল্যের উর্ধ্বগতি নিয়ন্ত্রণে বাজার মনিটরিং টিম বৃদ্ধি করতে হবে। বাজার মনিটরিং টিম সংশ্লিষ্ট দপ্তরসমূহকে সমন্বয় করে বেশি বেশি টাস্কফোর্সের অভিযান অব্যাহত রাখতে হবে। | |
| | সভাপতি বলেন, নিত্য প্রয়োজনীয় খাদ্যদ্রব্যের বাজারমূল্যের উর্ধ্বগতি নিয়ন্ত্রণে ঢাকা জেলা প্রশাসনের উদ্যোগে ন্যায্যমূল্যের বাজার/সমবায় বাজার প্রতিষ্ঠা করার নিমিত্ত সার্বিক সহযোগীতার জন্য বিভিন্ন দপ্তরকে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | (৯.৩) নিত্য প্রয়োজনীয় খাদ্যদ্রব্যের বাজারমূল্যের উর্ধ্বগতি নিয়ন্ত্রণে ঢাকা জেলা প্রশাসনের উদ্যোগে ন্যায্যমূল্যের বাজার/সমবায় বাজার প্রতিষ্ঠা করতে হবে। | |
| | ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর উপজেলা পর্যায়ে উপজেলা প্রশাসনের সহিত যোগাযোগ ও সমন্বয় করে অভিযান পরিচালনা করলে স্থানীয়ভাবে জনসচেতনতা বৃদ্ধি পাবে ও অভিযান অধিক কার্যকর হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | (৯.৪) ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর উপজেলা পর্যায়ে উপজেলা প্রশাসনের সহিত যোগাযোগ ও সমন্বয় করে অভিযান পরিচালনা করতে হবে। | |
| | হোটেল রেঁস্তোরায় অগ্নিকান্ড প্রতিরোধে অগ্নি নির্বাপক যন্ত্র ও ফায়ার সার্ভিসসহ অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরের লাইসেন্স রয়েছে কিনা তা মনিটরিং করার নিমিত্ত অভিযান পরিচালনা করতে হবে মর্মে আলোচনা করেন। | (৯.৫) হোটেল রেঁস্তোরায় অগ্নিকান্ড প্রতিরোধে অগ্নি নির্বাপক যন্ত্র ও ফায়ার সার্ভিসসহ অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরের লাইসেন্স রয়েছে কিনা তা মনিটরিং করার নিমিত্ত অভিযান পরিচালনা করতে হবে। | |
| | ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক বলেন, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর বাজার পরিস্থিতি ও সরবরাহ চেইন তদারক ও পর্যালোচনার জন্য জেলা পর্যায়ে গঠিত বিশেষ টাস্কফোর্স কমিটির অভিযান পরিচালনা করা হচ্ছে। | (৯.৬)নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর বাজার পরিস্থিতি ও সরবরাহ চেইন তদারক ও পর্যালোচনার জন্য জেলা পর্যায়ে গঠিত বিশেষ টাস্কফোর্স কমিটির অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(৯.৭) বড় বড় বাজারের প্রবেশ মুখে দৃশ্যমান ডিজিটাল সাইনবোর্ড স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ১০. | **সড়ক নিরাপত্তা এবং পরিবহন ভাড়া নিয়ন্ত্রণ**<br>উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ বলেন, যেসকল বাস কেরাণীগঞ্জ হয়ে নবাবগঞ্জ চলাচল করে তারা বেশি ভাড়া আদায় করছেন। | (১০.১) যেসকল বাস তালিকায় বর্ণিত ভাড়ার অতিরিক্ত ভাড়া আদায় করে সেসকল পরিবহনের বিরুদ্ধে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করতে হবে। | (১) পুলিশ সুপার, ঢাকা<br>(২) পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ/ইন্ডাষ্ট্রিয়াল পুলিশ/নৌ পুলিশ, ঢাকা<br>(৩) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা<br>(৪) উপপুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা<br>(৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা<br>(৬) মোবাইল কোর্ট পরিচালনাকারী বিজ্ঞ |
| | উপজেলা নির্বাহী অফিসার, দোহার, ঢাকা থেকে দোহার চলাচলকারী পরিবহনগুলো সচরাচর মেঘুলা পয়েন্টে এসে সড়ক দুর্ঘটনার সম্মুখীন হতে হয় বিধায় স্পীড বেকার এর ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন। | (১০.২) ঢাকা থেকে দোহার চলাচলকারী পরিবহনগুলো সচরাচর মেঘুলা পয়েন্টে এসে সড়ক দুর্ঘটনার সম্মুখীন হয় বিধায় স্পীড বেকার এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| | সভায় অতিরিক্ত পুলিশ সুপার বলেন, রাস্তায় যানজট নিরসনে পরিবহনগুলো নির্দিষ্ট পয়েন্টে থামানোর উদ্যোগ গ্রহণ করতে হবে। | (১০.৩) রাস্তায় যানজট নিরসনে পরিবহনগুলো নির্দিষ্ট পয়েন্টে থামানোর উদ্যোগ গ্রহণ করতে হবে। | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), ঢাকা |
| | উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ, নবাবগঞ্জ উপজেলার বান্দুরা মোড়, চৌরঙ্গীর মোড়ে ট্রাফিক ব্যবস্থাপনা জোরদার করা প্রয়োজন।<br>সভায় ব্যরিস্টার ইরফান ইবনে আমান অমি, কেরাণীগঞ্জ উপজেলার বসিলা ব্রীজ হতে আরশিনগর এলাকায় তীব্র যানজট সৃষ্টি হয় মর্মে সভাকে অবহিত করেন। | (১০.৪) গুরুত্বপূর্ণ মোড়সমূহে প্রয়োজনীয় ট্রাফিক পুলিশ মোতায়নের ব্যবস্থা গ্রহণসহ অবৈধ পার্কিং বন্ধে সচেতনতা কার্যক্রম বৃদ্ধি করতে ডিএমপি এবং জেলা পুলিশকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | সড়ক, নৌ ও রেলওয়ে টার্মিনাল/কাউন্টারগুলোতে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে মোবাইল কোর্ট অভিযান অব্যাহত রাখার বিষয় সভায় আলোচনা করা হয়। | (১০.৫) সড়ক, নৌ ও রেলওয়ে টার্মিনাল/ কাউন্টারগুলোতে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে মোবাইল কোর্ট অভিযান অব্যাহত রাখতে হবে। | |
| ১১. | **<u>আদালত সহায়তা, অপমৃত্যু এবং গ্রাম আদালত মামলাঃ</u>**<br>লাশের আত্মীয় আবেদনের প্রেক্ষিতে বিনা ময়না তদন্তে লাশ হস্তান্তরের ক্ষেত্রে ঢাকা জেলা এবং ঢাকা মেট্রোপলিটন এলাকার সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ ফৌজদারী কার্যবিধির ১৭৪ ধারা পালনপূর্বক জেলা ম্যাজিস্ট্রেটের অনুমতি সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়। | (১১.১)লাশের আত্মীয় আবেদনের প্রেক্ষিতে বিনা ময়না তদন্তে লাশ হস্তান্তরের ক্ষেত্রে ঢাকা জেলা এবং ঢাকা মেট্রোপলিটন এলাকার সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ ফৌজদারী কার্যবিধির ১৭৪ ধারা পালনপূর্বক জেলা ম্যাজিস্ট্রেটের অনুমতি সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করবেন। | (১) পুলিশ সুপার, ঢাকা<br>(২) সিভিল সার্জন, ঢাকা<br>(৩) উপ-পুলিশ কমিশনার (প্রসিকিউশন), ডিএমপি, ঢাকা।<br>(৪) সংশ্লিষ্ট থানা, ডিএমপি/ঢাকা জেলা, ঢাকা |
| | আদালতে চলমান ধর্ষণ মামলাগুলো নিষ্পত্তির লক্ষ্যে ডিএনএ টেস্ট রিপোর্ট, পোস্টমর্টেম রিপোর্ট দ্রুততর সময়ের মধ্যে প্রদান করতে হবে মর্মে সভায় গুরুত্বারোপ করা হয়। | (১১.২) আদালতে চলমান ধর্ষণ মামলাগুলো নিষ্পত্তির লক্ষ্যে ডিএনএ টেস্ট রিপোর্ট, পোস্টমর্টেম রিপোর্ট দ্রুততর সময়ের মধ্যে প্রদান করতে হবে। | (১) বিভাগীয় প্রধান, ফরেনসিক মেডিসিন বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ/ স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ/শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা |
| | সভাপতি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী গ্রাম আদালতের কার্যক্রম জোরদার করতে হবে। মামলা নিষ্পত্তির হার বাড়ানোর বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারগণকে মনিটরিং করার বিষয় সভায় আলোচনা করা হয়। | (১১.৩) গ্রাম আদালতের কার্যক্রম জোরদার করতে হবে। মামলা নিষ্পত্তির হার বাড়াতে হবে। | (১) পুলিশ সুপার, ঢাকা<br>(২) উপপরিচালক, স্থানীয় সরকার, ঢাকা<br>(৩) বিজ্ঞ পিপি, ঢাকা<br>(৪) প্রশাসক, উপজেলা পরিষদ, ঢাকা<br>(৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা |
| ১২. | **<u>বিবিধ আলোচনা</u>**<br>সভায় অতিরিক্ত পুলিশ সুপার, ঢাকা জেলায় চাঁদাবাজি, ভূমি দখল, ফুটপাথ দখল, মাদক ক্রয়-বিক্রয়, ছিনতাই এর বিষয় প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। সভায় আরও অবহিত করা হয় যে, পোস্তগোলা ব্রীজের পরে রাতের বেলায় আইন-শৃঙ্খলা বাহিনীর পরিচয় দিয়ে গাড়ি থামিয়ে ছিনতাই হয়ে থাকে | (১২.১) ঢাকা জেলায় চাঁদাবাজি, ভূমি দখল, ফুটপাথ দখল, মাদক ক্রয়-বিক্রয়, ছিনতাই এর বিষয় প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) পুলিশ সুপার, ঢাকা<br>(২) পুলিশ সুপার, নৌ পুলিশ, ঢাকা<br>(২) উপপুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা<br>(৩) উপজেলা নির্বাহী |

| | | | |
|---|---|---|---|
| | বিধায় সকলকে সতর্ক থাকার বিষয়ে আলোচনা করেন। | (১২.২) পোস্তগোলা ব্রীজের পরে রাতের বেলায় আইন-শৃঙ্খলা বাহিনীর পরিচয় দিয়ে গাড়ি থামিয়ে ছিনতাই হয়ে থাকে বিধায় আইন-শৃঙ্খলা বাহিনীর টহল বৃদ্ধি করতে হবে। | অফিসার (সকল), ঢাকা<br>(৪) জেলা শিক্ষা অফিসার, ঢাকা<br>(৫) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা |
| | সভায় অতিরিক্ত নৌ পুলিশ সুপার বলেন, নৌপথে চাঁদাবাজি বন্ধে এবং অবৈধ বাল্কহেডের বিরুদ্ধে অভিযান পরিচালনার বিষয় সভায় আলোচনা করেন। | (১২.৩) নৌপথে চাঁদাবাজি বন্ধে এবং অবৈধ বাল্কহেডের বিরুদ্ধে অভিযান পরিচালনা করতে হবে। | |
| | সভাপতি ঢাকা জেলায় অনিবন্ধিত ডায়াগনস্টিক সেন্টার, ক্লিনিক এর তালিকা প্রেরণ করার পাশাপাশি অনিবন্ধিত ডায়াগনস্টিক সেন্টার, ক্লিনিক বন্ধে চলমান কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করেন। | (১২.৪) ঢাকা জেলায় অনিবন্ধিত ডায়াগনস্টিক সেন্টার, ক্লিনিক বন্ধে চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | |
| | সভাপতি উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত মাসিক উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী নিয়মিত প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদান করেন। | (১২.৫) উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত মাসিক উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী নিয়মিত প্রেরণ করতে হবে। | |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


১২/১২/২৪

তানভীর আহমেদ
জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা
ও
সভাপতি
জেলা আইন-শৃঙ্খলা কমিটি, ঢাকা
ফোন: ০২২২৩৩৮৯৭৮৬, ফ্যাক্স: ৪৮৩১৬৩২৬
ইমেইল :dcdhaka@mopa.gov.bd


স্মারক নম্বর: ০৫.৪১.২৬০০.০১১.০৬.০০৬.২৩-৯০৯২

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩১
১২ ডিসেম্বর ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। চেয়ারম্যান, সিভিল এভিয়েশন অথরিটি/বিআরটিএ/বিআইডাব্লিউটিএ/রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/ঢাকা ওয়াসা, ঢাকা
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৫। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
৬। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর/বিএসটিআই/ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/ র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান, ঢাকা
৭। মহাপরিচালক, কোস্টগার্ড, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা
৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা
৯। পুলিশ সুপার, ঢাকা
১০। সিভিল সার্জন, ঢাকা
১১। শাখা অধিনায়ক, সাভার শাখা, ডিজিএফআই, সাভার সেনানিবাস, সাভার।
১২। অধিনায়ক, ২৬ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা।
১৩। অধিনায়ক, র‍্যাব-১০, ঢাকা।
১৪। যুগ্মপরিচালক, এনএসআই, ঢাকা জেলা, সেগুনবাগিচা, ঢাকা
১৫। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ, ঢাকা সড়ক বিভাগ, ঢাকা
১৬। পুলিশ সুপার, নৌ পুলিশ, ৩৩৪/১০, আহাম্মেদ নগর, পাইকপাড়া, মিরপুর-১, ঢাকা
১৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(শিক্ষা ও আইসিটি)/(এলএ)/(রাজস্ব)/(উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), ঢাকা
১৮। যুগ্মপরিচালক, বাংলাদেশ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, ঢাকা নদীবন্দর, সদরঘাট, ঢাকা



CamScanner

১৯। অধ্যক্ষ ....................................................................................................................., ঢাকা
২০। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, ঢাকা/ঢাকা মহানগর।
২১। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, ঢাকা
২২। জেলা মৎস্য কর্মকর্তা, ঢাকা
২৩। জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, ঢাকা।
২৪। প্রশাসক (সকল), পৌরসভা, ঢাকা
২৫। প্রশাসক, উপজেলা পরিষদ কেরাণীগঞ্জ/ সাভার/ ধামরাই/ দোহার/ নবাবগঞ্জ, ঢাকা
২৬। উপজেলা নির্বাহী অফিসার, কেরাণীগঞ্জ/সাভার/ধামরাই/দোহার/নবাবগঞ্জ/সার্কেলঅফিসার (উন্নয়ন), তেজগাঁও সার্কেল, ঢাকা
২৭। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ঢাকা
২৮। অতিরিক্ত পুলিশ সুপার, সাভার সার্কেল, সাভার মডেল থানা, সাভার/কেরাণীগঞ্জ সার্কেল, নবাবগঞ্জ থানা, ঢাকা
২৯। নেজারত ডেপুটি কালেক্টর, ঢাকা
৩০। জোনাল কমান্ডার, ঢাকা জোন, বাংলাদেশ কোস্টগার্ড, নারায়ণগঞ্জ
৩১। সিনিয়র সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
৩২। জনাব/বেগম-----------------------------------------------------------বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, ঢাকা
৩৩। সিনিয়র জেল সুপার, কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ, ঢাকা
৩৪। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা
৩৫। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা বিভাগীয় কার্যালয়, হজ্জ ক্যাম্প, ঢাকা
৩৬। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা উপঅঞ্চল, ১৭৪, ডিস্টিলারি রোড, গেন্ডারিয়া, ঢাকা
৩৭। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো উপ অঞ্চল, ১৭৪, ডিস্টিলারি রোড, গেন্ডারিয়া, ঢাকা
৩৮। জেলা শিক্ষা অফিসার, ঢাকা
৩৯। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা
৪০। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ১/৬-এ, ব্লক-বি, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা
৪১। তত্ত্বাবধায়ক, সরকারি আশ্রয়ণ কেন্দ্র, শাহআলী, মিরপুর, ঢাকা
৪২। ডা.দেওয়ান মো: সালাউদ্দিন বাবু, সাবেক সভাপতি, জেলা বিএনপি, সাভার, ঢাকা।
৪৩। জনাব নিপুন রায়, সদস্য, জাতীয় নির্বাহী কমিটি ও সাধারণ সম্পাদক, ঢাকা জেলা বিএনপি, কেরাণীগঞ্জ, ঢাকা।
৪৪। আলহাজ্ব তমিজ উদ্দিন, সভাপতি, বাংলাদেশ জাতীয়তাবাদী দল, ধামরাই উপজেলা শাখা, ধামরাই, ঢাকা।
৪৫। ব্যারিস্টার ইরফান ইবনে আমান অমি, সাংগঠনিক সম্পাদক, ঢাকা জেলা বিএনপি, কেরাণীগঞ্জ, ঢাকা।
৪৬। জনাব মোঃ ওবায়দুর রহমান, ম্যানেজিং ডিরেক্টর, ডারসকো লি., ঢাকা।
৪৭। জনাব/বেগম.................................................................................................

১২/১২/২০২৪
মোঃ আব্দুর রাফিউল আলম
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা
ও
সদস্য সচিব
জেলা আইন-শৃঙ্খলা কমিটি



CamScanner